

স্মারক নং- ৪১.০১.৫০৭৯.০০০.০০০.১৮.০০০১.২৫. ২৬৫

তারিখ: ১২/১০/২০২৫ খ্রি.

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ।

সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.১৪.৯৪৪ তারিখ- ১২/১০/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। সে লক্ষ্যে G2P (Government to Person) পদ্ধতিতে ভাতা প্রদানের সুবিধার্থে যোগ্য প্রার্থীদের কাছ থেকে অনলাইন আবেদন গ্রহণের জন্য ১৩-১০-২০২৫ খ্রি: তারিখ হতে ০৬-১১-২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত [dss.bhata.gov.bd/online-application](http://dss.bhata.gov.bd/online-application) লিংকে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবেদন গ্রহণ, যাচাই-বাছাই ও তথ্য এন্ট্রির সময় নিম্নোক্ত নির্দেশাবলী:

১. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে এবং Disability Information System (DIS) এর সাথে যাচাই করতে হবে।
২. অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই প্রার্থীর নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।
৩. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
৪. পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকা যদি থাকে) পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।
৫. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইনে আবেদন তালিকার (অপেক্ষমান তালিকা যদি থাকে) ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে।

০২। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ইউপি চেয়ারম্যান (সকল)  
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।


স্বাঃ  
মোহাম্মদ আলী  
উপজেলা সমাজসেবা অফিসার  
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।  
[usso.kushtiasadar@dss.gov.bd](mailto:usso.kushtiasadar@dss.gov.bd)

স্মারক নং- ৪১.০১.৫০৭৯.০০০.০০০.১৮.০০০১.২৫. ২৬৫

তারিখ: ১২/১০/২০২৫ খ্রি.

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুষ্টিয়া সদর।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া।
- ৩। ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সকল), কুষ্টিয়া সদর, কুষ্টিয়া। (বিষয়টি মাইকিং করার জন্য অনুরোধ করা হলো।
- ০৪। ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
- ০৫। অফিস কপি।

  
মোহাম্মদ আলী  
উপজেলা সমাজসেবা অফিসার  
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।  
[usso.kushtiasadar@dss.gov.bd](mailto:usso.kushtiasadar@dss.gov.bd)